

# পিস্তলসহ চবির সাবেক শিক্ষার্থী আটক

চট্টগ্রাম বুরো

১২ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক  
**আমাদেশ্ময়**



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) হল থেকে পিস্তলসহ বের হওয়ার সময় দাউদ সালমান অন্তর নামে সাবেক এক শিক্ষার্থীকে আটক করা হয়েছে। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের এফ রহমান হলের সামনে তাকে আটক করেন বৈষম্যবিরোধী আন্দোলনের শিক্ষার্থীরা। আটক দাউদ সালমান সমাজতত্ত্ব বিভাগের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। তিনি ছাত্র ফেডারেশনের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন বলে স্বীকারোক্তি দিয়েছেন। পরে তাকে সেনাবাহিনীর হাতে সোপার্দ করা হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, দাউদ সালমান হলে ঢুকে ৪১৫ নম্বর রুম থেকে ছাত্রলীগের সাবেক উপ-আপ্যায়নবিষয়ক সম্পাদক ও সমাজতত্ত্ব বিভাগের ২০১৪-১৫ সেশনের শিক্ষার্থী সৈয়দ ফুলমধুর সনদপত্র নিয়ে বের হন। দেখে সন্দেহ হলে কয়েকজন শিক্ষার্থী তাকে তাল্লাশি করেন। এ সময় তার কাছে একটি পিস্তল ও গাঁজা উদ্ধার করা হয়।

সমন্বয়ক ইব্রাহিম হোসেন রনি বলেন, আটক দাউদ এফ রহমান হলে ঢুকার সময় গার্ডরা কাগজপত্র দেখতে চাইলে তিনি জোর করে হলের ভেতরে যান। পরে গার্ডরা আমাদেরকে কল দেন। আমরা এসে দেখি তিনি জিনিসপত্র নিয়ে বের হচ্ছেন,

আমাদেরকে দেখে তিনি পিস্টল বের করছিলেন, বুরাতে পেরে দৌড়ে গিয়ে তাকে ধরে ফেলে কয়েকজন। সন্তুষ্ট পিস্টল লোড করা ছিল, সে আরেকটু আগে বুরাতে পারলে গুলি চালাত।

তিনি আরও বলেন, জিজ্ঞাসাবাদে তিনি প্রথমে তার বিভাগ এবং সেশন ভুল বলেন। পরে যখন আমরা খবর নিয়ে জানতে পারলাম তার বিভাগ এবং সেশন সম্পর্কে, এরপর তিনি তার পরিচয় স্বীকার করেন। পাশাপাশি তিনি ছাত্র ফেডারেশনের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন বলে স্বীকার করেন। পরে নিরাপত্তা দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতিতে সেনাবাহিনীর কাছে তাকে হস্তান্তর করেছি। তারা প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।